মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৩/১২/২০২০ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় বাজেটে বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যয় করণ প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/১১/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় বাজেটে বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যয় করণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভায় জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে ২০২০-২১ অর্থবছরের জন্য ১০,০৪,০০০.০০ বরাদ্দ রাখা হয়েছে। গত কোয়াটারের এই বরাদ্দ হতে ১,১৭,০০০.০০ টাকা খরচ হয়েছে যা মোট বাজেটের ১১.৬৫%। প্রকল্প পরিচালক মহোদয়ের অফিসের স্বারক নং ৪৬.০২.০০০০.৭৯৬.১৬.০২(অংশ-১).২০১৯/২৫৫৪(১) তারিখ ১২/১১/২০২০ ইং মোতাবেক এই বাজেটের সমুদয় অর্থ খরচ করতে হবে। সভাপতি মহোদয় সভায় বলেন, এই অর্থ সম্পুর্ণ খরচ করতে হলে আমাদের এখন থেকেই (GAP) বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ সম্পুর্ণ খরচ করতে হবে। তিনি এই ব্যাপারে মেয়র মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন। মেয়র মহোদয় সভায় বলেন, মেহেরপুর পৌরসভার বর্তমান পরিষদ কাজের ক্ষেত্রে কোন পিছপা হয়না। কিন্তু	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	পৌরসভার আর্থিক অবস্থা ভালো না হওয়ায় ইচ্ছা থাকা সত্বেও অনেক সময় কাজ করতে পারিনা। তিনি বলেন, পৌরসভাতে বর্তমান পরিষদ যখন দায়িত্ব গ্রহণ করে তখন ২০ কোটি টাকার উপরে দিনার ভার ছিল। বর্তমানে ঐ দিনা শোধ করে পৌরসভা চলছে। তিনি জানান প্রকল্পের স্বার্থে এবং প্রকল্পের নির্দেশনা অনুযায়ী এই বরাদ্দকৃত অর্থ আমাদের অবশ্যই খরচ করতে হবে। তিনি জানান, তার পরিষদ এই ব্যাপারে যথেষ্ট সচেতন। তিনি বলেন, (GAP) বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ যাতে সম্পুর্ণ খরচ করা যায় সেদিকে অবশ্যই খেয়াল রাখতে হবে। তিনি সংশ্লিষ্ঠ সকলকে এই ব্যাপারে নজর রাখতে বলেন বিশেষ করে বস্তি উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশ দেন যাতে সকলের সহিত সমন্বয় করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেণ।	
বিবিধ	এই কমিটির সদস্য জনাব নুরুল আশরাফ রাজীব, কাউন্সিলর ০৭ নং ওয়ার্ড সভায় বলেন, প্রায় ৩ বছর পূর্বে কর্মমূখী প্রশিক্ষণ হয়েছিল। এর মধ্যে আর কোন প্রশিক্ষণ দেওয়া হয়নি। তিনি সভায় বলেন অসহায় ও দারিদ্র নারীদের প্রশিক্ষণ দিলে এরা বাড়িতে থেকে কিছু রোজগার করতে পারে। বিশেষ করে করোনা ভাইরাস এর প্রভাবে বর্তমানে অনেকেই কাজ হারিয়ে বেকার দিন পার করছেন। এই মুহূর্তে একটি পশিক্ষণের আয়োজন করে কিছু নারীদের কর্মের ব্যবস্থা করা যেত। এব্যাপারে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় বলেন, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ ও দরকারী। তিনি বলেন, বর্তমান কোয়াটারে কোন প্রশিক্ষণ আয়োজন করতে না পারলেও আগামী কোয়াটারে নারীদের কর্মমূখী যেকোন একটি প্রশিক্ষনের আয়োজন করা হবে। তিনি সকলকে এ ব্যাপারে সহযোগিতা করার জন্য বলেন।	পৌর পরিষদ

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।
২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৩/১২/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	23.12.20
৮	মোঃ আমিরুল ইসলাম	CDA (UGIIP-III)	
৯			